# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৮৪

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১৯. হাদিয়া বা দান ফিরিয়ে দেয়া নিষেধ

بَاب النَّهْيِ عَنْ رَدِّ الْهَدِيَّةِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ قَالَ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَالِمٍ أَنَّهُ قَالَ قَالَ عَبْدُ اللَّهِ سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ يَقُولُ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْطِينِي الْعَطَاءَ فَأَقُولُ أَعْطِهِ مَنْ هُوَ أَفْقَرُ إِلَيْهِ مِنِّي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خُذْهُ وَمَا آتَاكَ اللَّهُ مِنْ هَذَا الْمَالِ وَأَنْتَ غَيْرُ مُشْرِفٍ وَلَا سَائِلٍ فَخُذْهُ وَمَا لَا فَلَا تُتْبِعْهُ نَفْسَكَ

বাংলা

১৬৮৪. আব্দুল্লাহ (ইবনু উমার) রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি উমার ইবনুল খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহু কে বলতে শুনেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে কোনো একটি জিনিস দান করলেন। তখন আমি বললাম, এটি এমন কাউকে দিন, আমার চেয়েও এটি যার অধিক প্রয়োজন। তিনি বললেন, তুমি এটা নাও, আর তোমার চাওয়া এবং লালসা ব্যতীতে আল্লাহ যে সম্পদই তোমাকে দান করেন, তুমি তা নেবে। অন্যথায় তুমি তোমার মনকে তার পেছনে ধাবিত করবে না।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। তবে হাদীসটি (সহীহ এবং) বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, যাকাত ১৪৭৩, আহকাম ৭১৬৪; মুসলিম, যাকাত ১০৪৫। আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৬৭ ও সহীহ ইবনু হিব্বান নং ৪৩০৫ ও মুসনাদুল হুমাইদী নং ২১ তে। এবং পরবর্তী টীকা দু'টিও দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81967

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন